শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭-৩-এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৭.০৩.০০২.১৮–১৬ তারিখ : ২০-০১-২০১৯খ্রি: ।

বিষয়ঃ- Autism এবং NeuroDevelopment Disorder বিষয়ক গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণসমূহ বাস্তবায়ন করণ প্রসঙ্গে ।

সূত্রঃ (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের (সমন্বয়) শাখার স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০৪৩.১৮-১৯, তারিখ: ১৩/০১/২০১৯খ্রি: ।
(২) প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্বারক নং ০৩.৪৫.২৬৯০.০৭০.১৬.১৪.২০১৮-২৬২, তারিখ: ২৭/১২/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠেয় Autism এবং NeuroDevelopment Disorder বিষয়ক গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণের আলোকে দপ্তর/অধিদপ্তর পর্যায়ে কি কি গৃহীত কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কত দূর অগ্রগতি অর্জিত হয়েছে তা অবহিত করণের জন্য বিগত ২৬-১২-২০১৮ খ্রি: তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে জানা যায় ।

০২। Autism এবং NeuroDevelopment Disorder বিষয়ক গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণসমূহ বাস্তবায়ন করার জন্য নিম্নে নির্দেশনা প্রদান করা হলো :

| ক্র: নং | গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| • | The National Strategic Plan for Neurodevelopment Disorders ২০১৬-২০২১ অনুযায়ী প্রত্যেক মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার কার্যক্রম Time Bound Work plan এর মাধ্যমে জরুরী ভিত্তিতে সম্পন্ন করা এবং নিয়মিত মনিটরিং-এর ব্যবস্থা গ্রহন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক নিজেদের মধ্যে নিয়মিত সভা করে peer review এর মাধ্যমে Work Plan টি চূড়ান্তকরণসহ গৃহীত বা সম্পাদিত সকল কাজের গুনগতমান যাচাইকরণ। | এ বিষয়ে মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি জানানোর জন্য নির্দেশনা দেয়া হলো । |
| • | প্রতিবন্ধীদের জন্য বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন কার্যক্রমের Standerdization বা প্রমিতকরণ। | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাবহির্ভূত । |
| • | Need Based Assessment এর মাধ্যমে প্রতিবন্ধীদের বয়স, জেন্ডার ও প্রতিবন্ধিতার ধরণ নির্ধারণপূর্বক উপযুক্ত পদক্ষেপ গ্রহন ও বাস্তবায়ন। | এ বিষয়ে মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি জানানোর জন্য নির্দেশনা দেয়া হলো । |
| • | SDG'র নির্ধারিত লক্ষ্য সমূহের যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে Autisum এবং NDD সহ সকল ধরণের প্রতিবন্ধিতা তথা প্রতিবন্ধী জনগোষ্ঠীর জন্য উপযুক্ত চিকিৎসা,শিক্ষা কর্মস্থান ও বাসস্থানের ব্যবস্থা সুনিশ্চিতকরণ। | এ বিষয়ে মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি জানানোর জন্য নির্দেশনা দেয়া হলো । |
| • | প্রতিবন্ধীদের জন্য পরিচালিত বিশেষায়িত ও একিভুত শিক্ষা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম যথাযথ সমন্বয় নিশ্চিতকরণ এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষা/প্রশিক্ষণ প্রদান পদ্ধতি এবং অর্জিত ফলাফল (Outcome) পর্যালোচনা। | এ বিষয়ে মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি জানানোর জন্য নির্দেশনা দেয়া হলো । |
| • | উপযুক্ত শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থাসহ দেশের সকল শিক্ষা প্রাতিষ্ঠানকে প্রতিবন্ধীবান্ধব হিসেবে গড়ে তোলা এবং প্রাথমিক পর্যায়ে প্রত্যেক উপজেলায় ৪-৫ শিক্ষা প্রতিষ্ঠানের জন্য গুচ্ছাকারে (Cluster) একটি শিক্ষা প্রতিষ্ঠানকে প্রতিবন্ধীদের জন্য বিশেষায়িত স্কুল তথ্য প্রতিবন্ধীবান্ধব হিসেবে চিহ্নিতকরণ। | এ বিষয়ে মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি জানানোর জন্য নির্দেশনা দেয়া হলো । |
| • | প্রতিবন্ধীদের কল্যাণে তথা শিক্ষা ও প্রশিক্ষণে নিয়োজিত শিক্ষকগনের মধ্যে যিনি বিশেষ দক্ষতা ও পারঙ্গমতা প্রদর্শন করতে পারবেন তাকে "আর্থিক প্রনোদনাসহ বিশেষ ভাবে সম্মানিত" করার ব্যবস্থা গ্রহন। | এ বিষয়ে মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি জানানোর জন্য নির্দেশনা দেয়া হলো । |
| • | প্রতিবন্ধীদের প্রশিক্ষনের জন্য "ম্যানুয়াল" জরুরীভিত্তিতে চূড়ান্তকরণ । এক্ষেত্রে সূচনা ফাউন্ডেশনের সহযোগিতা গ্রহন করা যাবে। মন্ত্রণালয়ভিত্তিক ম্যানুয়াল চূড়ান্ত হওয়ার পূর্ব পর্যন্ত প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত "প্রশিক্ষক প্রশিক্ষণ ম্যানুয়াল " অনুসরণ। | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাবহির্ভূত । |
| • | Day Care Centre সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবন্ধীদের প্রশিক্ষণে নিয়োজিত প্রশিক্ষকদের জন্য পর্যায়ক্রমে "বিশেষ সম্মানীর" ব্যবস্থা গ্রহন। | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাবহির্ভূত । |
| • | বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ ; মিরপুর ঢাকাসহ যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রতিবন্ধীদের শিক্ষার জন্য বিশেষ প্রশিক্ষক তৈরীর লক্ষ্যে বি.এস.এড (ব্যাচেলর ইন স্পেশাল এডুকেশন) ডিগ্রি প্রদান করেছে তদের কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ এবং প্রশিক্ষিত শিক্ষকদের বিশেষায়িত স্কুলসহ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত করণ। | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাবহির্ভূত । |
| • | প্রতিবন্ধীতার ধরণ সনাক্তকরনের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আবশ্যিকভাবে একজন চিকিৎসককে দায়িত্ব প্রদান ও তাঁর উপস্থিতি নিশ্চিত করা এবং ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে ক্যাম্প করে প্রতিবন্ধী ও প্রতিবন্ধীতার ধরণ সনাক্তকরণ এবং প্রতিবন্ধীদের প্রয়োজনীয় চিকিৎসা সহায়তা প্রদান। | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাবহির্ভূত । |

Farid.S.A.S -3

| | | |
|---|---|---|
| • | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন,২০১৩ ও বিধিমালা ২০১৫ এবং প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ ও বিধিমালা ২০১৫ সহ প্রতিবন্ধীদের সুরক্ষায় প্রণিত সকল আইন ও বিধি বিধানের উপযুক্ত প্রয়োগ নিশ্চিতকরণ। এক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, ট্রাস্ট ফাউন্ডেশন এবং জেলা ও উপজেলা পর্যায়ের কমিটি সমূহকে অগ্রাধিকার ভিত্তিতে এই দায়িত্ব সম্পাদন করতে হবে। মন্ত্রণলয়ের সচিবগণ নিয়মিত অগ্রগতি পর্যবেক্ষণ করবেন এবং সম্পদিত কার্যক্রমের একটি সার-সংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আবশ্যিকভাবে প্রেরণ। | এ বিষয়ে মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি জানানোর জন্য নির্দেশনা দেয়া হলো । |
| • | প্রতিবন্ধী জনগোষ্ঠীর উপযুক্ত কর্মসংস্থানের লক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, CIP, (Commercially Important Persons) এবং শিল্প প্রতিষ্ঠানের সত্বাধিকারীগণকে অধিকতর সচেতন করা। | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাবহির্ভূত । |
| • | প্রতিবন্ধীদের সার্বিক কল্যাণ নিশ্চিতকল্পে প্রত্যেক উপজেলায় পর্যায়ে একজন School Psychologist নিয়োগের বিষয় বিবেচনা। | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাবহির্ভূত । |

০৩। এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনা অনুযায়ী Autism এবং NeuroDevelopment Disorder বিষয়ক গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণের (প্রযোজ্য ক্ষেত্রে) আলোকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে নিজ নিজ কার্যক্রম এবং গৃহীত পর্যবেক্ষণসমূহ বাস্তবায়ন করার নিমিত্ত আগামী ১৮-০২-২০১৯ খ্রি: তারিখের মধ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

সংযুক্তি : বর্ণনামতে ০৩ ফর্দ ।

(সফিউদ্দিন আহমদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
ফোন নং- ৪১০৩০১৫৯
ই-মেইল নং-dgdmed@gmail.com

**বিতরণঃ**

প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো।

১। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর ।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা............................................... সকল।
৩। জেলা শিক্ষা অফিসার ...............................................সকল।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ............................................ সকল।
৫। অধ্যক্ষ....................................... সকল মাদ্রসা ।
৬। সুপার......................................... সকল মাদ্রসা ।

অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম-তলা ), সচিবালয় লিংক রোড, ঢাকা ।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন

ঢাকা

| কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সচিবের দপ্তর | |
|---|---|
| ডায়েরি নং- | তারিখঃ |
| অতিঃ সচিব(প্রশাঃ ও উন্নয়ন-১) | যুগ্মসচিব(উন্নয়ন) |
| অতিঃ সচিব(প্রশাঃ ও উন্নয়ন-২) | যুগ্মসচিব(কারিগরি) |
| অতিঃ সচিব(কারিগরি) | যুগ্মসচিব(মাদ্রাসা) |
| অতিঃ সচিব(মাদ্রাসা) | |
| যুগ্মসচিব(অঃ ও অঃ) | |
| যুগ্মসচিব(প্রশাসন) | সচিব |

০৩.৪৫.২৬৯০.০৭০.১৬.১৪.২০১৮-২৬২

পত্র সংখ্যা ..................................

১৩ পৌষ ১৪২৫

তারিখ ......২৭ ডিসেম্বর ২০১৮......

বিষয়ঃ Autism এবং Neurodevelopmental Disorders বিষয়ক গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ।

উপর্যুক্ত বিষয়ে গত ২৬ ডিসেম্বর, ২০১৮ তারিখে বাংলাদেশের অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটি ও সূচনা ফাউন্ডেশনের চেয়ারম্যান এবং NDD ও মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ মিস্ সায়মা ওয়াজেদ হোসেন সহ সূচনা ফাউন্ডেশনের অন্যান্যদের সাথে মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ নজিবুর রহমান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব সাজ্জাদুল হাসান এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাদের মধ্যে Autism এবং Neuro-developmental Disorders বিষয়ক এক আলোচনা সভায় প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবন-মান সুরক্ষায় বিভিন্ন গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ প্রদান করা হয় (সংযুক্ত)।

২। বর্ণিতাবস্থায়, প্রদত্ত পর্যবেক্ষণ অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহকে জরুরিভিত্তিতে নিজ নিজ কার্যক্রম গ্রহণ এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে এ কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৭/১২/২০১৮

(অতুল সরকার)

পরিচালক-৩

ফোন: ৫৫০২৯৪২৩

ই-মেইল: directorpmo3@gmail.com

| অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
|---|
| ডায়েরী নং ..... তারিখ ..... |
| যুগ্মসচিব (প্রশাসন) |
| যুগ্মসচিব (উন্নয়ন) |
| উপসচিব (প্রশাসন ও অর্থ) |
| উপসচিব (অডিট ও আইন) |
| উপপ্রধান (পরিকল্পনা) |

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

৯। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ই-৮/বি-১, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

১৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৫। প্রফেসর ডা: মো: গোলাম রব্বানী, চেয়ারপারসন, নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ড, ঢাকা।

১৬। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), অটিজম সেল, স্বাস্থ্য সেবা বিভাগ; স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭। জনাব মো: মশিউর রহমান (অতিরিক্ত সচিব) ব্যবস্থাপনা পরিচালক, এনডিডি সুরক্ষা ট্রাস্ট, পদ্মা লাইফ টাওয়ার (১৪ তলা), বাংলামোটর, ঢাকা।

১৮। ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর-১৪, ঢাকা।

১৯। ডা: এ. এম. পারভেজ রহিম, প্রধান সমন্বয়ক, অটিজম ও NDD সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অঃপৃঃদ্রষ্টব্য

বাংলাদেশের অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটি ও সূচনা ফাউন্ডেশনের চেয়ারম্যান এবং NDD ও মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ মিজ্ সায়মা ওয়াজেদ হোসেনসহ সূচনা ফাউন্ডেশনের অন্যান্যদের সাথে মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ নজিবুর রহমান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব সাজ্জাদুল হাসানসহ এ কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাদের সাথে Autism এবং Neurodevelopmental Disorders বিষয়ে ২৬-১২-২০১৮ তারিখে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত **সভার পর্যবেক্ষণসমূহ নিম্নরূপঃ**

- The National Strategic Plan for Neurodevelopmental Disorders ২০১৬-২০২১ অনুযায়ী প্রত্যেক মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার কার্যক্রম Time Bound Work Plan এর মাধ্যমে জরুরিভিত্তিতে সম্পন্ন করা এবং নিয়মিত মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক নিজেদের মধ্যে নিয়মিত সভা করে Peer review এর মাধ্যমে Work Plan টি চূড়ান্তকরণসহ গৃহীত বা সম্পাদিত সকল কাজের গুনগত মান যাচাইকরণ।

- প্রতিবন্ধীদের জন্য বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন কার্যক্রমের Standardization বা প্রমিতকরণ।

- Need Based Assessment এর মাধ্যমে প্রতিবন্ধীদের বয়স, জেন্ডার ও প্রতিবন্ধিতার ধরন নির্ধারণপূর্বক উপযুক্ত পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন।

- SDG'র নির্ধারিত লক্ষ্য সমূহের যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে Autism এবং NDD সহ সকল ধরণের প্রতিবন্ধিতা তথা প্রতিবন্ধী জনগোষ্ঠীর জন্য উপযুক্ত চিকিৎসা, শিক্ষা, কর্মসংস্থান ও বাসস্থানের ব্যবস্থা সুনিশ্চিতকরণ।

- প্রতিবন্ধীর জন্য পরিচালিত বিশেষায়িত ও একিভূত শিক্ষা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রমের যথাযথ সমন্বয় নিশ্চিতকরণ এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষা / প্রশিক্ষণ প্রদান পদ্ধতি এবং অর্জিত ফলাফল (Outcome) পর্যালোচনা।

- উপযুক্ত শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থাসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রতিবন্ধীবান্ধব হিসেবে গড়ে তোলা এবং প্রাথমিক পর্যায়ে প্রত্যেক উপজেলায় ৪-৫টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য গুচ্ছাকারে (Cluster) একটি শিক্ষা প্রতিষ্ঠানকে প্রতিবন্ধীদের জন্য বিশেষায়িত স্কুল তথা প্রতিবন্ধীবান্ধব হিসেবে চিহ্নিতকরন।

- প্রতিবন্ধীদের কল্যাণে তথা শিক্ষা ও প্রশিক্ষণে নিয়োজিত শিক্ষকগণের মধ্যে যিনি বিশেষ দক্ষতা ও পারঙ্গমতা প্রদর্শন করতে পারবেন তাকে **"আর্থিক প্রনোদনাসহ বিশেষভাবে সম্মানিত"** করার ব্যবস্থা গ্রহণ।

- প্রতিবন্ধীদের প্রশিক্ষনের জন্য **'ম্যানুয়াল'** জরুরিভিত্তিতে চূড়ান্ত করণ। এক্ষেত্রে সূচনা ফাউন্ডেশনের সহযোগিতা গ্রহণ করা যাবে। মন্ত্রনালয়ভিত্তিক ম্যানুয়াল চূড়ান্ত হওয়ার পূর্ব পর্যন্ত প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত "প্রশিক্ষক প্রশিক্ষণ ম্যানুয়াল" অনুসরণ।

- Day Care Centre সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবন্ধীদের প্রশিক্ষণে নিয়োজিত প্রশিক্ষকদের জন্য পর্যায়ক্রমে **'বিশেষ সম্মানীর'** ব্যবস্থা গ্রহণ।

- বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ; মিরপুর, ঢাকাসহ যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রতিবন্ধীদের শিক্ষার জন্য বিশেষ প্রশিক্ষক তৈরীর লক্ষ্যে বি.এস.এড (ব্যাচেলর ইন স্পেশাল এডুকেশন) ডিগ্রি প্রদান করছে তাদের কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ এবং প্রশিক্ষিত শিক্ষকদের বিশেষায়িত স্কুলসহ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত করণ।

- প্রতিবন্ধিতার ধরণ সনাক্তকরণের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আবশ্যিকভাবে একজন চিকিৎসককে দায়িত্ব প্রদান ও তাঁর উপস্থিতি নিশ্চিত করা এবং ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে ক্যাম্প করে প্রতিবন্ধী ও প্রতিবন্ধীতার ধরণ সনাক্তকরণ এবং প্রতিবন্ধীদের প্রয়োজনীয় চিকিৎসা সহায়তা প্রদান।

- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাষ্ট আইন, ২০১৩ ও বিধিমালা ২০১৫ এবং প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ ও বিধিমালা ২০১৫ সহ প্রতিবন্ধীদের সুরক্ষায় প্রণীত সকল আইন ও বিধি বিধানের উপযুক্ত প্রয়োগ নিশ্চিতকরণ। এক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, ট্রাষ্ট, ফাউন্ডেশন এবং জেলা ও উপজেলা পর্যায়ের কমিটি সমূহকে অগ্রাধিকার ভিত্তিতে এই দায়িত্ব সম্পাদন করতে হবে। মন্ত্রণালয়ের সচিবগণ নিয়মিত অগ্রগতি পর্যবেক্ষণ করবেন এবং সম্পাদিত কার্যক্রমের একটি সার-সংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আবশ্যিকভাবে প্রেরণ।

- প্রতিবন্ধী জনগোষ্ঠীর উপযুক্ত কর্মসংস্থানের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, CIP (Commercially Important Persons) এবং শিল্প প্রতিষ্ঠানের সত্ত্বাধিকারীগণকে অধিকতর সচেতন করা।

- প্রতিবন্ধীদের সার্বিক কল্যাণ নিশ্চিতকল্পে প্রত্যেক উপজেলায় পর্যায়ে একজন School Psychologist নিয়োগের বিষয় বিবেচনা।

স্বাক্ষরিত/-<br>
২৭-১২-২০১৮<br>
মোঃ নজিবুর রহমান<br>
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব